



সারক নং- বাউবি/এসএসএস/জেনা তথ্য/বিবিধ/১০৭/০৭/১৩৮

তারিখ : ১১-০৫-২০২২

আঞ্চলিক পরিচালক

আঞ্চলিক কেন্দ্র

ঢাকা/ময়মনসিংহ/সিলেট/কুমিল্লা/চট্টগ্রাম/বরিশাল/খুলনা/যশোর/ফরিদপুর/বগুড়া/রাজশাহী/রংপুর
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

বিষয় : বাউবির সকল প্রোগ্রামের শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়া সহজিকরণ ও দ্রুতকরণ সংক্রান্ত নির্দেশনা।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাউবি'র সকল প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তি প্রক্রিয়া সহজিকরণ ও দ্রুতকরণ এবং শিক্ষার্থী ভর্তির হার বৃদ্ধির লক্ষ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লেখিত তথ্যের সাথে নিম্নোক্ত তথ্য অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

১. যে সকল শিক্ষার্থী ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার সময় যৌক্তিক কারণে শিক্ষাগত যোগ্যতার মূল নম্বরপত্র ও সনদপত্র প্রদর্শনে ব্যর্থ হলে (নানাবিধ সমস্যা) সেক্ষেত্রে ভর্তি কর্মকর্তা বাউবি অথবা শিক্ষাবোর্ডের(প্রযোজ্য ক্ষেত্রে) ওয়েব সাইট থেকে ফলাফল যাচাইপূর্বক প্রাথমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবেন।
২. আইডি জেনারেটর পূর্বে অর্থাৎ ভর্তি প্রক্রিয়া শেষে ২০(বিশ) কার্যদিবসের মধ্যে শিক্ষার্থী সকল শিক্ষাগত যোগ্যতার নম্বরপত্র ও সনদ মূলকপি প্রদর্শন করবেন এবং সত্যায়িত ফটোকপি বাউবি কার্যালয়ে জমা দেবেন।
৩. বাউবিতে ভর্তিকৃত বাংলাদেশে চাকুরীরত যেসকল শিক্ষার্থীগণ কর্মব্যস্ততার কারণে যথাসময়ে ভর্তি সংক্রান্ত ডকুমেন্টস আঞ্চলিক/ উপ-আঞ্চলিক কেন্দ্রে জমা দিতে ব্যর্থ হবেন। তাদের ক্ষেত্রে স্ব স্ব অভিভাবক (বাবা-মা/ভাই-বোন/ স্বামী-স্ত্রী/ সন্তান) অংশীকারনামাসহ ডকুমেন্ট জমা দিতে পারবেন। পরবর্তীতে সুবিধামত সময়ে শিক্ষার্থী স্ব-শরীরে সংশ্লিষ্ট বাউবি অফিসে সাক্ষাৎ করে ভর্তি প্রক্রিয়া চূড়ান্ত করবেন।
৪. ভর্তিচ্ছু শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়া সহজিকরণ ও শিক্ষার্থীবান্ধব করার লক্ষ্যে তাৎক্ষণিক সিদ্ধান্তের আলোকে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

উপরোক্ত বিষয়গুলোর আঞ্চলিক ও উপ- আঞ্চলিক কেন্দ্র যথাযথভাবে অনুসরণপূর্বক শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা এবং শিক্ষার্থী ভর্তির হার বৃদ্ধির কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদসহ

ড. আনিস রহমান

পরিচালক

এস.এস.এস বিভাগ, বাউবি।

সদয় অবগতির জন্য অনুলিপি :

১.রেজিস্ট্রার, বাউবি।

২.ডীন, সকল স্কুল, বাউবি

৩.সিস্টেম ম্যানেজার/পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (ওয়েব পেইজে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সর্বিনয় অনুরোধ জানাচ্ছি)।

৬.একান্ত সচিব, উপাচার্য মহোদয়ের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৭.উপ- পরিচালক, উপ-উপাচার্য(শিক্ষা) মহোদয়ের দপ্তর, বাউবি (উপ-উপাচার্য(শিক্ষা) মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৮.যুগ্ম-পরিচালক, ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দপ্তর, এসএসএস বিভাগ, বাউবি।

৯. সংরক্ষণ নথি।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়	
কম্পিউটার বিভাগ	
সিস্টেম ম্যানেজার/পরিচালক এর কার্যালয়	
তারিখ: ১১-০৫-২০২২	
তারিখ: ১১-০৫-২০২২	
সিস্টেম এনালিস্ট/ওয়েব মাস্টার/প্রোগ্রামার	
সহ সিস্টেম এনালিস্ট/হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার	
প্রশাসনিক কর্মকর্তা/সহ. প্রোগ্রামার/ (BIMS)	